

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং -৫৭.০০.০০০০.০৮৫.৬১.০১৮.২০১৭-১৬০

তারিখ: ২৭ মায় ১৪২৬ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ০৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় ০৫ (পাঁচ) জন শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং- ০৫.৪২.১২৩৩.০০১.২৮.০০২.২০-৯০, তারিখ: ০৩/০২/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া, আশুগঞ্জ সার কারখানা স্কুল এন্ড কলেজ ডেনুতে গত ০৩/০২/২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত দাখিল পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত ০৫ (পাঁচ) জন শিক্ষক কর্তৃক কোরআন মাজিদ ও তাজভীদ বিষয়ের এমসিকিউ প্রশ্নপত্রের সমাধান ও সরবরাহকালে উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ মোবাইল কোর্ট পরিচালনার সময় হাতেনাতে ধরেন এবং অভিযোগকৃত শিক্ষকগণকে জিজ্ঞাসাবাদে বর্ণিত অপরাধের সাথে সত্যতা স্বীকার করেন মর্মে জানানো হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গর্ভর্গিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত এর ৪১(ঘ)(২) উপানুচ্ছেদের বিধানের আলোকে দস্তপ্রাপ্ত ০৫ (পাঁচ) জন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্তকরণসহ বিভাগীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহের ম্যানেজিং কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং কমিটি কর্তৃক গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযুক্ত শিক্ষকগণের তালিকা নিম্নরূপঃ

ক্র:নং:	নাম	পদবী	প্রতিষ্ঠানের নাম
০১।	মো: কবির হোসেন	প্রভাষক (আরবী)	তালশহর কারিমিয়া ফাজিল মাদ্রাসা
০২।	মো: মাজহারুল ইসলাম	সহ:সুপার	চর চারতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা
০৩।	মো: শফিকুল ইসলাম	সহকারি মৌলভী	চর চারতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা
০৪।	মো: মহিউদ্দিন	সহ:সুপার	খোলাপাড়া উমেদ আলী শাহ দাখিল মাদ্রাসা
০৫।	মো: আব্বাস উদ্দিন	সহ:সুপার	পানিশ্বর মাদিনিয়া গাউছিয়া দাখিল মাদ্রাসা

সংযুক্তি: বর্ণনামতে এক (০১) ফর্দ।

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

(শেয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
৯৫৪৯৩৯৬

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ/সরাইল, ব্রাহ্মণবাড়িয়া।
৭. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব(মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।